উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

ঝিকরগাছা, যশোর

সভাপতি	ঃ	মোঃ মনিরুল ইসলাম চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ যশোর
তারিখ	ঃ	১২ আগস্ট ২০২১ খ্রি., সময় ঃ সকাল ১০.৩০ মিনিট
স্থান	ঃ	অন লাইন (জুম এ্যাপসের মাধ্যমে)
সভার উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-"ক"

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। তা'তে কোনরূপ পরিবর্ধন, সংশোধন ও বিয়োজন ব্যতিত গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়করণ করা হয়। এরপর সভায় বিভাগওয়ারী আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রম	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	স্থায়ী কমিটির সভা সংক্রান্ত	উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা বলেন উপজেলা পর্যায়ে গঠিত ১৭ (সতের) টি কমিটির কার্যবিবরণী ব্যতীত উপজেলা পরিষদের মাসিক সভায় কোন বিভাগভিত্তিক আলোচনা করার সুযোগ না থাকায় সরকারি নির্দেশনা মোতাবেক নিয়মিতভাবে বিভাগভিত্তিক কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি তথা ভাইস চেয়ারম্যানদ্বয় ও উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান এবং সভায় কমিটির কার্যবিবরণী যথা সময়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট দপ্তরের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিতভাবে অনুষ্ঠানের বিষয়ে কমিটির সভাপতি এবং সদস্য-সচিব তথা উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়	সংশ্লিষ্ট কমিটির সভাপতি তথা ভাইস চেয়ারম্যানদ্বয় ও সদস্য-সচিব তথা উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তর প্রধানগণ
০২	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বর্ধিত রুম নির্মাণ কাজের বিল অনুমোদন সংক্রান্ত	উপজেলা প্রকৌশলী বলেন, গত ০৮/০৭/২০২১ খ্রি. তারিখের মাসিক সভায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বর্ধিত রুম নির্মাণ কাজের ৪,৯৯,৪০৪/- (চার লক্ষ নিরানব্বই হাজার চারশত চার) টাকার প্রাক্কলন অনুমোদন হয় এবং সে মোতাবেক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। এক্ষুণে, আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাস্তবায়িত সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স হুমায়রা এন্টারপ্রাইজ, মেইন রোড, ঝিকরগাছা বাজার, যশোর সরকারি ভ্যাট ও আয়কর সহ মোট ৪,৯৯,৪০৪/- (চার লক্ষ নিরানব্বই হাজার চারশত চার) টাকার বিল দাখিল করেছেন। তিনি বিলটি উপস্থাপন করেন। এখানে উল্লেখ্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ক) এ বর্ণিত নির্দেশনার আলোকে প্রতি অর্থবছরে এখাতে মোট ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা খরচ করা যাবে এবং এখাতে এ পর্যন্ত কোন টাকা খরচ হয়নি। সমুদয় টাকা অব্যয়িত আছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।	আলোচনান্তে, উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপনকৃত ৪,৯৯,৪০৪/- (চার লক্ষ নিরানব্বই হাজার চারশত চার) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন এবং এই ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
০৩	উপজেলা ইনোভেশন বিষয়ক	উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ে ইনোভেশন বিষয়ক যে কোন ধরণের কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলার সকল কর্মকর্তাকে আহবান জানান। তিনি চলতি অর্থবছরের এডিপিতে ইনোভেটিভ প্রকল্পসমূহ অন্তর্ভূক্তকরণের অনুরোধ করেন। এ পর্যন্ত গৃহীত ইনোভেশন কার্যক্রম চলমান রাখার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে ও ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে নিয়মিতভাবে আহবান করতে অনুরোধ করেন।	উপজেলা পর্যায়ে ইনোভেশন কার্যক্রম চলমান রাখার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়	সদস্য সচিব উপজেলা ইনোভেশন কমিটি ও বিভাগীয় প্রধানগণ

০৪	বিবিধ বিল	(১) ঝিকরগাছা উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন ভবনের পানির লাইন মেরামত করা বাবদ আসাদ স্যানেটারী এন্ড ষ্টোর, উপজেলা মোড়, ঝিকরগাছা, যশোর ৫,৪৯৫/- (পাঁচ হাজার চারশত পঁচানব্বই) টাকার বিল ও শান্তনীড় ভবনের ০২টি পানির ট্যাংকি পরিস্কার করা বাবদ মেসার্স কালাম ট্রেডার্স, ঝিকরগাছা, যশোরের ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকার বিল সহ সর্বমোট ২২,৯৯৫/- (বাইশ হাজার নয়শত পঁচানব্বই) টাকার বিল সংশ্লিষ্ট ফ্লাটে বসবাসকারী দাখিল করেছেন (২) উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত সাবমার্সেবল পাম্পের পানি পুকুরে সংযোগ লাইন মেরামত করা বাবদ মেসার্স সরদার স্যানিটারি এন্ড হার্ডওয়ার, পারবাজার, ঝিকরগাছা, যশোরের ২,৭১০/- টাকার বিল ও মিস্ত্রী মুজুরি বাবদ মি. আজিজুল, পারবাজার, ঝিকরগাছা, যশোরের ১,৮০০/- (এক হাজার আটশত) টাকার বিল সহ ৪,৫১০/- (চার হাজার পাঁচশত দশ) টাকার বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি দাখিল করেছন (৩) ঝিকরগাছা উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত শান্তনীড় ৭/৪ ফ্লাটে পানির লাইন মেরামত করা বাবদ মেসার্স সরদার স্যানিটারি এন্ড হার্ডওয়ার, পারবাজার, ঝিকরগাছা, যশোরের ১২১০/- টাকা ও ১০৭০/- টাকা, মেসার্স ফারুক ষ্টোর, ঝিকরগাছা, যশোরের ১,৯০০/- টাকা, মুজুরি বাবদ মি, আজিজুল, পারবাজার, ঝিকরগাছা, যশোরের ২,০০০/- টাকা, সিমেন্ট ক্রয় করা বাবদ মেসার্স মালিহা এন্টারপ্রাইজ, উপজেলা মোড়, ঝিকরগাছা, যশোরের ১৪১০/- টাকা ও নির্মাণ/মেরামতী কাজের মুজুরি বাবদ ৭,০০০/- টাকা সহ সর্বমোট ১৫,৬৭১/- (পনের হাজার ছয়শত একাত্তর) টাকার বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি দাখিল করেছেন (৪) ঝিকরগাছা উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত শান্তনীড় ৭/৪ ফ্লাটে ইলেকট্রিক লাইন মেরামত করা বাবদ নিশান ইলেকট্রনিক্স, ঝিকরগাছা, যশোরের ২,৪৯০/- (দুই হাজার চারশত নব্বই) টাকার বিল, রং ক্রয় করা বাবদ মেসার্স কামাল হার্ডওয়ার, ঝিকরগাছা, যশোরের ৯,৬৮০/- (নয় হাজার ছয়শত আশি) টাকা ও মুজুরি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা সহ মোট ১৭,৬৮০/- (সতের হাজার ছয়শত আশি) টাকার বিল দাখিল করেছেন। বর্ণিত কাজের বিষয়ে গত ১২ আগস্ট ২০২১ খ্রি: তারিখের উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন গ্রহণ করা হয়েছে এবং এখাতে ৫,০০,৫৯৬/- টাকা অব্যয়িত আছে। (৫) উপজেলা পরিষদ চত্বরের পুরাতন ও সম্প্রতি আম্পান ঝড়ে মারাত্ক ক্ষতিগ্রস্থ সিসি ক্যামেরাসমূহ মেরামতকরণ ও ০১(একটি) সিসি ক্রামেরা ক্রয় করা বাবদ ভ্যাট ও আয়করসহ ১১,৫০০/- (এগার হাজার পাঁচশত) টাকার বিল দাখিল করেছেন। এখানে উল্লেখ্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(প) এ বর্ণিত নির্দেশনার আলোকে প্রতি অর্থবছরে এখাতে মোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা খরচ করা যাবে এবং এখাতে এ পর্যন্ত কোন টাকা খরচ হয়নি। সমুদয় টাকা অব্যয়িত আছে (৬) উপজেলা নির্বাহী অফিসারের বাংলো অফিসের জন্য ০১ (একটি) টি সেমি সেক্রটারী টেবিল ও সাইড র‍্যাক ক্রয় করা বাবদ নাদিয়া ফার্নিচার, যশোর ভ্যাট ও	বর্ণিত বিলগুলির খরচসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার

০৪	বিবিধ বিল	আয়করসহ ২২,২৪৮/- (বাইশ হাজার দুইশত আটচল্লিশ) টাকার বিল ও (৮) উপজেলা নির্বাহী অফিসারের বাংলো অফিসের জন্য ০১ (একটি) টি খাট ক্রয় করা বাবদ মেসার্স দরগাহ ট্রেডার্স, ঝিকরগাছা, যশোর ১৭,৭৩৯/- (সতের হাজার সাতশত উনচল্লিশ) টাকার বিল দাখিল করেছেন। এখানে উল্লেখ্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ছ) এ বর্ণিত নির্দেশনার আলোকে প্রতি অর্থবছরে এখাতে মোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা খরচ করা যাবে এবং এখাতে এ পর্যন্ত কোন টাকা খরচ হয়নি। সমুদয় টাকা অব্যয়িত আছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি বিল দাখিল করেছেন। বিলগুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	বর্ণিত বিলগুলির খরচসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি বলেন, অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ আগামী সভায় ফলোআপ উপস্থাপন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। উপজেলা পরিষদে ন্যস্ত ১৭টি দপ্তরের সকল কার্যক্রমের প্রারম্ভে উপজেলা পরিষদকে অবহিতকরণসহ উপজেলা পরিষদের অনুমোদন গ্রহণ করতে হবে। তিনি সরকারের সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নে উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও বিভাগীয় কর্মকর্তাগণের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকল সম্মানিত সদস্যকে তিনি আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মনিরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ঝিকরগাছা, যশোর

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৪.৪১৯১.০২৩.২০.০০১.১৯-৭৭২ তারিখঃ ১২ আগস্ট ২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ সদয় অবগতি ও কার্যাথে প্রেরণ করা হলোঃ (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৬ যশোর-২ (চৌগাছা- ঝিকরগাছা)
২) জেলা প্রশাসক, যশোর
৩) চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর
৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, যশোর
৫) একান্ত সচিব টু সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণের অনুরোধ)
৬) একান্ত সচিব টু বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা (কমিশনার মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণের অনুরোধ)
৭) মেয়র, ঝিকরগাছা পৌরসভা, ঝিকরগাছা, যশোর
৮) ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর
৯) মহিলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর
১০) উপজেলা ..... কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর
১১) চেয়ারম্যান, গঙ্গানন্দপুর, মাগুরা, শিমুলিয়া, গদখালী, পানিসারা, ঝিকরগাছা, নাভারণ, নির্বাসখোলা, হাজিরবাগ, শংকরপুর ও বাঁকড়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
১২) জনাব ....., ঝিকরগাছা, যশোর

১২/০৮/২১

(মোঃ মাহবুবুল হক)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা, যশোর